

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন - ২ শাখা
www.hsd.gov.bd

স্মারক- ৪৫.১৩৮.০২৯.০৩.০০.০০১.২০১৪- ১৫০৫

তারিখঃ ২৪ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ
০৯ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা এর জন্য আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের
প্রশাসনিক অনুমোদন।


সূত্র: ১. নিমিউ এন্ড টিসি এর স্মারক নং-৪৫.০০.২৬০০.০০১.১১.০০১.১৫-১০৩৭, তারিখ:- ১৫.১০.২০১৯ খ্রি:।
২. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৭.১৫৬.০১৫.৪৫.০২.০২.২০০৪-৪৭৪, তারিখ: ০৪.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) এর পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিম্নোক্ত ১৯ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের জন্য নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো।

সেবার ক্যাটাগরি	সেবার ধরন	সেবা কর্মীর সংখ্যা
ক্যাটাগরি-১	হাউজ কিপার	০২
ক্যাটাগরি-২	প্রজেক্টর অপারেটর	০১
	পাম্প অপারেটর	০১
ক্যাটাগরি-৪	মালী	০১
ক্যাটাগরি-৫	টেকনিক্যাল হেলপার	০৭
	মটর ক্লিনার	০১
	নিরাপত্তা গ্রহণী	০৩
	পরিচ্ছন্নতা কর্মী	০৩
	মোট	১৯

শর্তাবলী:

- অর্থ বিভাগের পরিপত্র নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯, তারিখ ১০.০৬.২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
- সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।
- এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে; এবং
- পরিচ্ছন্নতা কর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে।


২৪.১২.২০১৯

(মো: শাহাদত হোসেন কবির)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০৭২১

ইমেইল: admin2@hsd.gov.bd

চীফ টেকনিক্যাল ম্যানেজার
নিমিউ এন্ড টিসি
মহাখালী, ঢাকা।

অনুলিপি:-

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬)]।
- ২। যুগ্মসচিব (বাজেট-১/২) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।